


৪. সংগঠন পরিচিতি

৪.১ ইউনেস্কোর ঘোষণার আলোকে সাবেক পাকিস্তান সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের ২৭-৬-৬০ তারিখের একটি প্রস্তাব অনুসারে 'ন্যাশনাল বুক সেন্টার অব পাকিস্তান' প্রতিষ্ঠিত হয় এবং বাংলাদেশ স্বাধীন হওয়ার পর এর নামকরণ করা হয় জাতীয় গ্রন্থকেন্দ্র, বাংলাদেশ'। ১৯৮৩ সনের এনাম কমিটির রিপোর্ট এই সংস্থাটিকে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মর্যাদা দেওয়া হয়। তবে দীর্ঘদিন এর গঠন, উদ্দেশ্য ও কার্যাবলী সম্পর্কে কোন আইন ছিল না। স্বাধীনতার দীর্ঘ ২৪ বছর পর ১৯৫৫ সনের নভেম্বর মাসে জাতীয় গ্রন্থকেন্দ্রের গঠন, উদ্দেশ্য ও কার্যাবলী সম্পর্কে জাতীয় সংসদের অনুমোদনক্রমে একটি আইন প্রণয়ন করা হয় এবং প্রতিষ্ঠানটির নামকরণ করা হয় 'জাতীয় গ্রন্থকেন্দ্র'।

৪.২ গ্রন্থকেন্দ্রের সাংগঠনিক কাঠামো

গ্রন্থকেন্দ্রের পরিচালনা প্রশাসন একটি বোর্ডের উপর ন্যস্ত করা হয় এবং এই প্রতিষ্ঠানটির মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে একজন পরিচালককে নিয়োগের ব্যবস্থা রাখা হয়। আইন অনুযায়ী পরিচালক বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত।

৪.৩ এনাম কমিটির রিপোর্ট অনুযায়ী জাতীয় গ্রন্থকেন্দ্রের লোকবল ছিল ৪২ জন। এর মধ্যে কর্মকর্তা ১০ জন এবং কর্মচারী ৩২ জন। 'মহনগর পাঠাগার স্থাপন' শীর্ষক প্রকল্পের ২১ টি পদ ২-১১-৮৭ তারিখে এবং 'গ্রন্থ উন্নয়ন কর্মসূচী' শীর্ষক প্রকল্পের ২৫টি পদ ১৬-৮-৯২ তারিখে রাজস্ব খাতে স্থানান্তরের ফলে কেন্দ্রের মোট লোকবল দাঁড়ায় ৪২+২১-২৫=৮৮ জন। এর মধ্যে মোট কর্মকর্তা ১৮ জন এবং কর্মচারী ৭০ জন। বর্তমানে ২ জন কর্মকর্তা এবং ২ জন কর্মচারী সাময়িকভাবে রবখাস্ত। এছাড়া ৪ জন কর্মকর্তা এবং ৪ জন কর্মচারীর পদ শূন্য থাকায় বর্তমানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ৭৬ জন। নিম্নে গ্রন্থকেন্দ্রের সাংগঠনিক কাঠামো প্রদর্শিত :



৪.৪ গ্রন্থকেন্দ্রের কার্যাবলী

দেশে গ্রন্থ উন্নয়ন ও পাঠাভ্যাস বৃদ্ধিতে একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের লক্ষ্যে গ্রন্থকেন্দ্র সৃষ্টি করা হয়েছিল। ১৯৫৫ সালের আইন অনুযায়ী প্রতিষ্ঠানটির উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপ :

- (ক) পাঠ্যসামগ্রীর উপর গ্রন্থপঞ্জি এবং গ্রন্থ প্রকাশ সংক্রান্ত উপাত্ত সংগ্রহ ও প্রকাশ করা;
- (খ) পাঠকবর্গের চাহিদা ও রুচি সম্পর্কে অনুসন্ধান করা এবং এর ভিত্তিতে রিপোর্ট প্রকাশ করা;
- (গ) পুস্তক প্রকাশনা ও বিপণন ব্যবস্থার উন্নয়ন করা;
- (ঘ) জনসাধারণের মধ্যে অধিক ও ব্যাপক হারে পাঠ প্রবণতা ও আগ্রহ সৃষ্টি কর;
- (ঙ) চলতি ও দুস্প্রাপ্য বইয়ের প্রদর্শনীর ব্যবস্থা করা;
- (চ) পুস্তক সম্পর্কিত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা এবং তথ্যানুসন্ধানমূলক তথ্যাদি প্রকাশ কর;
- (ছ) কেন্দ্রের গ্রন্থাগার স্থাপন করা এবং গ্রন্থাগারে অধ্যয়নের সুযোগের ব্যবস্থা করা;
- (জ) পুস্তক প্রকাশনা বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন, কর্মশালা, সিম্পোজিয়াম ও বই মেলার আয়োজন ও পরিচালনা করা;
- (ঝ) গবেষণাগার সেবার উন্নয়নের জন্য সচেতনতা সৃষ্টি করা।

৪.৫ জাতীয় গ্রন্থ কেন্দ্রের আয়-ব্যয়ের বিবরণ

(ক) আয়ের বিবরণ (লক্ষ টাকায়)

আয়ের খাতসমূহ	১৯৯৩-৯৪	১৯৯৪-৯৫	১৯৯৫-৯৬	১৯৯৬-৯৭	১৯৯৭-৯৮
প্রারম্ভিক	৭৯.৯২	২১.১৮	২১.১৮	২৭.০০	০.০৬
সাধারণ তহবিল	-	১৫.০০	১৫.০০	৩৮.৯৩	৭১.০০
সরকারী মঞ্জুরী	৬৩.০০	৭২.০০	৭৫.০০	৭৫.০০	৭৫.০০
নিজস্ব আয়	১০.৫৫	৯.২৩	১২.২৩	১৮.৭৪	১৭.১৫
মোট	১৫২.৯৭	১১৭.৪১	১২৪.০৪	১৫৯.৬৭	১৬৩.২১

(খ) ব্যয়ের বিবরণ (লক্ষ টাকায়)

ব্যয়ের খাতসমূহ	১৯৯৩-৯৪	১৯৯৪-৯৫	১৯৯৫-৯৬	১৯৯৬-৯৭	১৯৯৭-৯৮
বেতন	২২.০৫	২২.৭৯	২২.০২	২২.৮৬	২৬.০৩
ভাতাদি ও ফি	১৫.৫৬	১৭.০১	১৯.০৭	২০.০৫	২৬.০৩
অন্যান্য সংস্থানপন	৪.০৭	৯.৫৮	২.০৮	২.৯২	১০.২০
অফিস সংক্রান্ত	১১.৫০	১৬.০৭	১১.০৩	১৩.৫৬	১৬.৭০
কার্যক্রম সংক্রান্ত	৬.৯৯	৪.৩৫	১০.৫৯	৮.৪১	২১.০০
মূলধন জাতীয়	০.৮৩	১১.৪০	২.৩১	১.০০	২৬.০০
ঋণ ও অগ্রিম	-	-	-	১৯.০০	২০.০০
সাধারণ তহবিল	-	১৫.০০	৩৮.৯৩	৭১.০০	১৭.০০
উদ্বৃত্ত	-	২১.১৮	২৭.০০	০.০৭	০.০৫
মোট	৬১.০০	১১৭.৪২	১২৪.০৫	১৬৩.৯৩	১৬৩.২১